দৈনিক ইনকিলাব

FEB. 4 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম...৪...

# সরকারের দুর্নীতির কারণে স্কুলের ছাত্র-ছাত্রীরা আজও পাঠ্যবই পায়নি
## —ছাত্রশিবির

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম বুলবুল বলেছেন, বর্তমান সরকারের দুর্নীতি ও স্বজনপ্রীতির কারণে আজ পর্যন্ত আড়াই কোটি স্কুল ছাত্র-ছাত্রী নতুন বছরের পাঠ্যবই পায়নি। একটি সরকারের দায়িত্ব যেখানে শিক্ষার সুব্যবস্থা করে দেয়া, সেখানে আওয়ামী সরকার স্কুলের ছাত্র-ছাত্রীদের চাহিদা পূরণে ব্যর্থতার পরিচয় দিয়েছে। ছাত্র-ছাত্রীদের মেধাহীন ও পরনির্ভরশীল করে গড়ে তোলার ষড়যন্ত্রের অংশ হিসেবেই সরকার এ ঘটনা ঘটিয়েছে। তিনি আরো বলেন, দলীয় বক্তব্য ও মনগড়া ইতিহাস অন্তর্ভুক্ত করে কোমল শিশু-কিশোরদের শিক্ষাদান দলীয়করণের মানসিকতা থেকে এ সংকটের সৃষ্টি হয়েছে।

ইসলামী ছাত্রশিবির ঘোষিত দেশব্যাপী পাঠ্যপুস্তক কেলেঙ্কারি এবং অবিলম্বে পাঠ্যবই প্রদানের দাবীতে বিক্ষোভ দিবসের অংশ হিসেবে গতকাল পুরানা পল্টনে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে শিবির সভাপতি একথা বলেন। সমাবেশে আরও বক্তব্য রাখেন ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ সভাপতি আমিনুল ইসলাম, আবু সাঈদ মুহাম্মদ ফারুক। উপস্থিত ছিলেন অফিস সম্পাদক লুৎফর রহমান, বায়তুলমাল সম্পাদক মফিজুল ইসলাম প্রমুখ।

# সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে আজ পাঠ্যপুস্তক ভবন ঘেরাও

প্রেস বিজ্ঞপ্তি ঃ আজ (৪ ফেব্রুয়ারী) পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে ও অবিলম্বে স্কুলছাত্রদের হাতে পাঠ্যপুস্তক প্রদানের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে পাঠ্যপুস্তক ভবন ঘেরাও হবে। সকাল ১১টায় মুক্তাঙ্গনে সর্বস্তরের ছাত্র-জনতাকে উক্ত কর্মসূচী সফল করার লক্ষ্যে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়েছে।